

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
দৌলতপুর, মানিকগঞ্জ।

স্মারক নং ০৫.৩০.৫৬১০.০০০.০৬.০৫.১৯-

৪৫৫

২১ শ্রাবন ১৪২৬

তারিখ :-

২৫ জুলাই ২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ০৪ মে, ২০১৫ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন নং এসআরও ৮৬-আইন/২০১৫ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা-২০১৫ এর বিধি-৭ মোতাবেক দৌলতপুর উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়নে গ্রাম পুলিশ বাহিনী নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে মহল্লাদার পদে নিয়োগের জন্য আত্রাহী প্রার্থীর নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	পদের নাম	পদের সংখ্যা	বেতন ও ভাতাদি	যোগ্যতা
০১	কলিয়া	মহল্লাদার	০২টি	সরকারি অংশের ১৫০০/- ও ইউপি অংশের ১৫০০/- টাকা সর্বমোট ৩০০০/- এবং বাৎসরিক ০২টি উৎসব ভাতা পরবর্তীতে সরকার ভাতা বৃদ্ধি করলে তা পরিশোধযোগ্য হবে।	০১। কোন স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় পাশ। ০২। শারিরিক যোগ্যতা- পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন ৫ফুট ২ ইঞ্চি ও মহিলা প্রার্থীর ক্ষেত্রে ৫ ফুট হতে হবে।

-ঃ শর্তাবলী :-

- ০১। আবেদন ফরম কম্পিউটারে কম্পোজ করে নির্ধারিত স্থানে স্বহস্তে তারিখসহ স্বাক্ষর করে দাখিল করতে হবে।
- ০২। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়ন ও সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হতে হবে।
- ০৩। আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর বরাবরে ২৫ আগষ্ট, ২০১৯ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে জমা দিতে হবে।
- ০৪। আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত যথা- (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা এবং বিশেষ কোঠার প্রার্থী হলে কোঠার নাম উল্লেখ করতে হবে।
- ০৫। আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :  
(ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদের সত্যায়িত কপি (খ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূল কপি (গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি (ঘ) শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি (ঙ) অন্যান্য অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর সত্যায়িত কপি।
- ০৬। নিয়োগের ক্ষেত্রে সকল বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ০৭। প্রার্থীর বয়স ২৫ জুলাই, ২০১৯ তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে।
- ০৮। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৯। আবেদন পত্র গ্রহণ ও বাতিলের বিষয় নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণ করা হবেনা।
- ১০। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম লিখতে হবে।

(৬)

*Shebin*

- ১১। আবেদনপত্রে বর্ণিত যে কোন তথ্য যে কোন পর্যায়ে ভূয়া/ মিথ্যা প্রমানিত হলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১২। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
- ১৩। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

*Sebrina*  
২৫.০৭.১৯

( সাবরিনা শারমিন )

উপজেলা নির্বাহী অফিসার

দৌলতপুর, মানিকগঞ্জ।

*১৬*  
*২৫/৭/১৯*

২১ শ্রাবন ১৪২৬

তারিখ :-

২৫ জুলাই ২০১৯

স্মারক নং ০৫.৩০.৫৬১০.০০০.০৬.০৫.১৯-

৪৫৫

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
- ০৩। পুলিশ সুপার, মানিকগঞ্জ।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতপুর, মানিকগঞ্জ।
- ০৫। অফিসার-ইন-চার্জ, দৌলতপুর থানা।
- ০৬। উপজেলা ----- অফিসার, দৌলতপুর।
- ০৭। চেয়ারম্যান ----- ( সকল ইউপি )
- ০৮। ইউপি সচিব, ----- (সকল ইউপি)
- ০৯। নোটিস বোর্ড।

*Sebrina*  
২৫.০৭.১৯

( সাবরিনা শারমিন )

উপজেলা নির্বাহী অফিসার

দৌলতপুর, মানিকগঞ্জ।

*১৬*  
*২৫/৭/১৯*